

পৃথিবীর জন্য ঈশ্বরের উদ্দেশ্য কী?

যিহোবা কেন পৃথিবী সৃষ্টি করেছিলেন? (১, ২)

কেন পৃথিবী এখন এক পরমদেশ নয়? (৩)

দুর্ভট লোকেদের কী ঘটবে? (৪)

ভবিষ্যতে, যীশু কী করবেন

পীড়িতদের জন্য? বয়োবৃদ্ধদের জন্য? মৃতদের জন্য? (৫, ৬)

ভবিষ্যৎ আশীর্বাদসমূহে অংশ নিতে, আপনার কী করা প্রয়োজন? (৭)

১. যিহোবা এই পৃথিবী সৃষ্টি করেছিলেন যেন মানুষ এখানে চিরকাল আনন্দে বসবাস করতে পারে। তিনি চেয়েছিলেন এই পৃথিবী সর্বদাই ধার্মিক, সুখী লোকেদের দ্বারা বসতিপূর্ণ হোক। (গীতসংহিতা ১১৫:১৬; যিশাইয় ৪৫:১৮) পৃথিবী কখনই ধ্বংস হবে না; এটি চিরকাল স্থায়ী হবে।
—গীতসংহিতা ১০৪:৫; উপদেশক ১:৪.

২. ঈশ্বর মানুষ সৃষ্টির পূর্বে, পৃথিবীর একটি ছোট অংশ বেছে নিয়েছিলেন এবং সেটিকে এক মনোরম পরমদেশ তৈরি করেছিলেন। তিনি এর নাম দিয়েছিলেন এদন উদ্যান। এখানেই তিনি প্রথম মানব এবং মানবী, আদম ও হবাকে রেখেছিলেন। তাদের জন্য ঈশ্বরের উদ্দেশ্য ছিল যে তাদের সন্তানসন্ততি হোক ও সমস্ত পৃথিবী পরিপূর্ণ করুক। ক্রমশ তারা সমস্ত পৃথিবীকে এক পরমদেশে পরিণত করতে পারত।—আদিপুস্তক ১:২৮; ২:৮, ১৫.



পরমদেশ লুপ্ত

৩. ইচ্ছাকৃতভাবে ঈশ্বরের আইন ভঙ্গ করার দ্বারা আদম ও হবা পাপ করেছিল। তাই যিহোবা তাদের এদন উদ্যান থেকে তাড়িয়ে দিয়েছিলেন। পরমদেশ লুপ্ত হয়েছিল। (আদিপুস্তক ৩: ১-৬, ২৩) কিন্তু যিহোবা এই পৃথিবীর জন্য তাঁর উদ্দেশ্য ভুলে যাননি। তিনি একে এক পরমদেশে পরিণত করবেন বলে প্রতিজ্ঞা করেছেন, যেখানে মানুষ অনন্তকাল ধরে বাস করবে। কিভাবে তিনি তা করবেন?—গীতসংহিতা ৩৭:২৯.

৪. এই পৃথিবী এক পরমদেশে পরিণত হওয়ার পূর্বে, দুর্ভট লোকেদের অবশ্যই দূরীকৃত করতে হবে। (গীতসংহিতা ৩৭:৩৮) এটি ঘটবে হরমাগিদোনে, যা হল দুর্ভটতার অবসান করতে ঈশ্বরের যুদ্ধ। তারপর, শয়তানকে ১,০০০ বছরের জন্য বন্দী রাখা হবে। যার অর্থ হবে এই যে পৃথিবীকে নষ্ট করতে দুর্ভট আর কাউকে রাখা হবে না। শুধুমাত্র ঈশ্বরের লোকেরাই বেঁচে থাকবে।—প্রকাশিত বাক্য ১৬:১৪, ১৬; ২০:১-৩.

৫. তখন যীশু খ্রীষ্ট ১,০০০ বছরের জন্য এই পৃথিবীর উপরে রাজা হিসাবে শাসন করবেন। (প্রকাশিত বাক্য ২০:৬) তিনি ক্রমশ আমাদের মন এবং দেহ থেকে পাপকে দূরীভূত করবেন। আমরা সম্পূর্ণ সিদ্ধ মানুষে পরিণত হব, ঠিক যেমন তাদের পাপ করার পূর্বে আদম ও হবা ছিল। তখন কোন ব্যাধি, বার্ধক্য এবং মৃত্যু আর থাকবে না। পীড়িত ব্যক্তিদের সুস্থ করা হবে এবং বৃদ্ধেরা পুনরায় তরুণ হয়ে উঠবে।—ইয়োব ৩৩:২৫; যিশাইয় ৩৩:২৪; প্রকাশিত বাক্য ২১:৩, ৪.

৬. যীশুর হাজার বছর রাজত্বকালে, বিশ্বস্ত মানুষেরা সমস্ত পৃথিবীকে এক পরমদেশে রূপান্তরিত করতে কাজ করবে। (লুক ২৩:৪৩) আরও, লক্ষ লক্ষ মৃত ব্যক্তির পৃথিবীর উপরে মনুষ্য জীবনে পুনরুত্থিত হবে। (প্রেরিত ২৪:১৫) ঈশ্বর তাদের কাছ থেকে যা চান তা যদি তারা পালন করে, তাহলে পৃথিবীতে অনন্তকালের জন্য তারা বেঁচে থাকতে পারবে। যদি

না করে, তাদের চিরকালের জন্য ধ্বংস করা হবে। —যোহন ৫:২৮, ২৯; প্রকাশিত বাক্য ২০:১১-১৫.

৭. পৃথিবীর জন্য ঈশ্বরের আদি উদ্দেশ্য এইভাবে সফল হবে। আপনি কি এই সকল ভবিষ্যৎ আশীর্বাদে অংশ নিতে পছন্দ করবেন? যদি তাই হয়, আপনার প্রয়োজন যিহোবা সম্বন্ধে শিক্ষাগ্রহণ করে চলা ও তাঁর চাহিদাগুলি পালন করা। যিহোবার সাক্ষীদের স্থানীয় কিংডম হলে, সভাগুলিতে উপস্থিতি আপনাকে তা করতে সাহায্য করবে।—যিশাইয় ১১:৯; ইব্রীয় ১০: ২৪, ২৫.

হরমাগিদোনের পরে, পৃথিবীকে এক পরমদেশে পরিণত করা হবে

